

# Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. Boris Johnson MP, Prime Minister of the United Kingdom

March 22, 2022

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৃটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের টেলিফোন কথা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বৃটিশ প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

উভয় নেতা ইউক্রেন পরিস্থিতির বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন। প্রধানমন্ত্রী এই প্রসঙ্গে আবারও ভারতের অবস্থানের কথা জানান। তিনি সংঘর্ষ বন্ধ করে কূটনৈতিক পথে আলাপ-আলোচনার মধ্য দিয়ে সমস্যার সমাধানের ওপর গুরুত্ব দেন। শ্রী মোদী বলেন, ভারত বিশ্বাস করে সমসাময়িক বিশ্ব পরিস্থিতি অনুযায়ী আন্তর্জাতিক আইন, ভৌগলিক অখন্ডতা এবং প্রতিটি রাষ্ট্রের সার্বভৌমত্বকে সম্মান জানাতে হবে।

উভয় নেতা ব্যবসা-বাণিজ্য, প্রযুক্তি, বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা এবং দু-দেশের মানুষের মধ্যে যোগাযোগ গড়ে তোলা সহ দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে সহযোগিতা বৃদ্ধির সিদ্ধান্তে সহমত হয়েছেন। তাঁরা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়েও মতবিনিময় করেছেন। দ্বিপাক্ষিক মুক্ত বাণিজ্য চুক্তির বিষয়ে যে আলাপ-আলোচনা চলেছে শ্রী মোদী তাতে সন্তোষ প্রকাশ করেছেন। গত বছর দুই নেতার মধ্যে অনুষ্ঠিত ভারুয়াল শীর্ষ সম্মেলনে 'ভারত-ইউকে রোড ম্যাপ ২০৩০'-এর প্রস্তাব গৃহীত হয়। এই পরিকল্পনার বাস্তবায়নের কাজ সঠিকভাবে এগোনোয় শ্রী মোদী তার প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী বলেন বৃটিশ প্রধানমন্ত্রীকে ভারতে স্বাগত জানাতে তিনি অপেক্ষা করছেন। তাঁর সুবিধামতো সময়ে মিঃ জনসনকে ভারতে আসার জন্য শ্রী মোদী আবারো আমন্ত্রণ জানান।

নতুন দিল্লী

মার্চ ২২, ২০২২

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.